



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



নং-৩৭.২৪.০০০০.০৩.০৩১.০০৩.২৩- ২৫৩

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
২৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে ২০২৩-২৪ অর্থবছরে স্নাতক (পাস ও অনার্স)/সমমান পর্যায়ে ২০২২-২৩ শিক্ষাবর্ষে (১ম বর্ষে) শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত অসচ্ছল পরিবারের মেধাবী নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি সহায়তা প্রদান।**

স্নাতক (পাস ও অনার্স)/সমমান শ্রেণিতে ২০২২-২৩ শিক্ষাবর্ষে সারা দেশের সকল সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয় /কলেজ/মাদ্রাসায়/সমমান পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত ১ম বর্ষের অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের ২০২৩-২৪ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে অনলাইনে নির্ধারিত সময়ে মোট ৪৪,২৪৮ টি আবেদন পাওয়া যায়। সফটওয়্যারের মাধ্যমে প্রাপ্ত ৪৪,২৪৮ টি আবেদনের মধ্য থেকে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা অনুসরণপূর্বক ৩,৩১৭ জন শিক্ষার্থী প্রাথমিকভাবে তালিকাভুক্ত করা হয়।

২.০ প্রাথমিক তালিকাভুক্ত ৩,৩১৭ টি আবেদনের মধ্য থেকে ১২ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাছাই কমিটির সভায় ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা অনুযায়ী ১,৮০০ জন স্নাতক (পাস ও অনার্স)/সমমান পর্যায়ের শিক্ষার্থীকে ভর্তি সহায়তা প্রদানের জন্য সুপারিশ করা হয়। সুপারিশকৃত শিক্ষার্থীর বিবরণ নিম্নরূপ:-

ক্রম:	কোটার নাম	সুপারিশকৃত শিক্ষার্থীর সংখ্যা
(১)	(২)	(৩)
১.	প্রতিবন্ধী শিক্ষার্থী	৭৫ জন
২.	এতিম শিক্ষার্থী	৮৫ জন
৩.	নদীভাঙন কবলিত এলাকার শিক্ষার্থী	৪৫১ জন
৪.	অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্য	১৩২ জন
৫.	১৩-২০ গ্রেড এর সরকারি কর্মচারীর সন্তান	৮৭ জন
৬.	ভূমিহীন দুস্থ পরিবারের সন্তান	৫০৫ জন
৭.	প্রকৌশল, কৃষি ও মেডিকেল শিক্ষার্থী	৬০ জন
৮.	অন্যান্য	৪০৫ জন
সর্বমোট শিক্ষার্থী:		১,৮০০ জন

৩.০ দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসরণপূর্বক ২০২৩-২৪ অর্থবছরে স্নাতক (পাস ও অনার্স)/সমমান পর্যায়ে ১,৮০০ (এক হাজার আটশত) জন শিক্ষার্থীকে জনপ্রতি ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে ভর্তি সহায়তা হিসাবে সর্বমোট ১,৮০,০০,০০০/- (এক কোটি আশি লক্ষ) টাকা প্রদান করা হয়।

৪.০ জনস্বার্থে কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)

সহকারী পরিচালক (উপবৃত্তি)

ফোন: ০২-৫৫০০০৪২৮

email: ad.stipend@pmeat.gov.bd